মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www. barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/প্রশা/১৪৭/১৫১/৫৬৩(খ); তারিখঃ ১৫/০১/২০২৫খ্রি.

বিষয় ঃ এইচএসসি পরীক্ষা-২০২৪ এর অব্যয়ীত ফরম পূরন ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হিসাবের অনুকূলে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা- ২০২৪ এর অব্যয়িত ফি ফেরৎ প্রদান সংক্রান্ত বিষয়ে পরীক্ষা শাখা কর্তৃক স্মারক নং-বশিবো/পনি/এইচএসসি/২০২৪/১০৪৯; তারিখ : ০২/১২/২০২৪খ্রি. এর মাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। এ বিজ্ঞপ্তির বিবরণ মোতাবেক বোর্ডের এইচএসসি পরীক্ষা- ২০২৪ এর এর স্থগিত পরীক্ষাসমূহ গত ২০/০৮/২০২৪ তারিখে বাতিল করা হয়। যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ণ বাবদ ধার্যকৃত অর্থ পরীক্ষার্থীদের ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এরই ফলোশ্রুতিতে এইচএসসি পরীক্ষা-২০২৪ এর অব্যয়ীত শেয়ারমানি বাবদ ৩১৫ (তিনশত পনেরো)টি প্রতিষ্ঠানের প্রাপ্য অর্থ স্ব-স্ব প্রতিষ্ঠানের সোনালী ব্যাংকের হিসাব নম্বরে গত ২৯/০১/২০২৫খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে। সোনালী ব্যাংকে হিসাব নাই এমন ১৫ (পনেরো) টি প্রতিষ্ঠানের অনুকূলে চেক প্রস্তুত করা হয়েছে। তাদেরকে বোর্ড থেকে নিজ প্রতিষ্ঠানের চেক গ্রহনের জন্য বলা হলো। পরীক্ষা শাখার বিজ্ঞপ্তি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সম্মানীত প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হলো।

৩০.০১.২০২৫

(মোঃ মামুন হোসেন-১২০৯৮)

হিসাবরক্ষণ কর্মকর্তা

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন ঃ ০২৪৭৮৮৩২৭৫৬

মোবাইল ঃ ০১৭১৬-৯৫০৬৯৭

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

১৭ অগ্রহায়ণ, ১৪৩১ বঃ

স্মারক নং- বশিবো/পনি/এইচএসসি/২০২৪/১০৪৯ তারিখঃ ০২ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা ২০২৪ এর স্থগিত পরীক্ষাসমূহ গত ২০.০৮.২০২৪ তারিখে বাতিল ঘোষণা করা হয়। যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থও ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ পরীক্ষার্থীদের ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২০২৪ সালের এইচএসসি পরীক্ষার অব্যয়িত ফি ফেরত প্রদানঃ

(১) বিজ্ঞান বিভাগের নিয়মিত পরীক্ষার্থী

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ ৬ পত্র X ৪০.০০ (তত্ত্বীয়) = ২৪০.০০ টাকা।

[উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি) ২০২৪ এর যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত ৪০.০০ (চল্লিশ) টাকা ফেরত প্রদান করা হবে।]

কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ কেন্দ্র কর্তৃক ০৮ পত্রের ব্যবহারিক (আইসিটি ব্যতীত) ফি ৪৫.০০X৮= ৩৬০.০০টাকা।

[প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ৪৫.০০ (পয়তাল্লিশ) টাকা করে ফেরত পাবে।]

বিশেষ দ্রষ্টব্যঃ কোন প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষার ফি ইতোমধ্যে কেন্দ্রে প্রেরণ করে থাকলে উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফেরত পাঠাতে হবে। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান হতে উক্ত অর্থ গ্রহণ করবে।

(২) ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের নিয়মিত পরীক্ষার্থী

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ ৬ পত্রX৪০.০০ (তত্ত্বীয়) =২৪০.০০ টাকা।

[উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি) ২০২৪ এর যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত ৪০.০০ (চল্লিশ) টাকা ফেরত প্রদান করা হবে।]

কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ পরীক্ষার্থীর প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ৪৫.০০ (পয়তাল্লিশ) টাকা করে ফেরত পাবে।

বিশেষ দ্রষ্টব্যঃ কোন প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষার ফি ইতোমধ্যে কেন্দ্রে প্রেরণ করে থাকলে উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফেরত পাঠাতে হবে। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান হতে উক্ত অর্থ গ্রহণ করবে।

(৩) অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে (বিজ্ঞান,ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগ)

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি) ২০২৪ এর যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত পরীক্ষার্থীর প্রবেশ পত্রে উল্লিখিত বিষয়/ বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তর পত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত ৪০.০০ (চল্লিশ) টাকা ফেরত পাবে।

কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ৪৫.০০ (পয়তাল্লিশ) টাকা করে ফেরত পাবে।

শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদানঃ শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান করবে।কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষা পরিচালনা, পরীক্ষার গোপনীয় মালামাল বোর্ডে জমাদানসহ পরীক্ষা সংশ্লিষ্ট প্রশাসনিক কাজে ব্যয় করবে।

বিশেষ দ্রষ্টব্যঃ কোন প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষার ফি ইতোমধ্যে কেন্দ্রে প্রেরণ করে থাকলে উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফেরত পাঠাতে হবে। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান হতে উক্ত অর্থ গ্রহণ করবে।

০২.১২.২০২৪

প্রফেসর অরুন কুমার গাইন-১০২৬০
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
ফোনঃ০২৪৭৮৮৬৪৩৭০

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষাপ্রতিষ্ঠান